

পটুয়াখালী সরকারি মহিলা কলেজে শিক্ষক সংকট

পটুয়াখালী প্রতিনিধি

শিক্ষক সংকট ও একাডেমিক ভবন, ছাত্রী নিবাস এবং ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীর অভাবে সরকারি মহিলা কলেজে শিক্ষা কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। উচ্চশিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে কলেজের ছাত্রীরা। পটুয়াখালীতে নারী শিক্ষা বিস্তারে ১৯৬৬ সালে প্রতিষ্ঠিত হয় বেসরকারি মহিলা কলেজ। সরকারিকরণে দক্ষিণাঞ্চলে নারী শিক্ষা বিস্তারে খ্যাতি অর্জন করে আসছে এ মহিলা কলেজটি। পটুয়াখালী সরকারি মহিলা কলেজটি পঞ্চাশ বছরে পদার্পণ করতে যাচ্ছে। কিন্তু আজ অবদি একাডেমিক ভবন, শিক্ষক ও কর্মচারী সংকট, সমস্যার সমাধান হয়নি। সেই প্রয়োজনীয় ছাত্রীনিবাসও ফলে এ উপকূলীয় অঞ্চলের খেটে নাওয়া দিনমজুর, নিম্নবিত্ত, নিম্ন মধ্যবিত্ত ও মধ্যবিত্ত পরিবারের মেয়েরা শিক্ষা গ্রহণ থেকে বঞ্চিত হচ্ছে। এছাড়া এই অর্ধশত বছরের কলেজটিতে রাষ্ট্রবিজ্ঞান, ইতিহাস ও দর্শন, নাত্র এই তিন বিষয়ে সম্মান রয়েছে। ইংরেজি ও বাংলা বিষয় সম্মান কোর্স না

থাকায় এলাকায় নারীদের উচ্চ শিক্ষা গ্রহণ থেকে বঞ্চিত হচ্ছে বলেও হুঁসিয়ারা মনে করছেন। জানা যায় কলেজটিতে, ৪৮টি শিক্ষক ও ২৫ জন ৩য় ও ৪র্থ শ্রেণী কর্মচারীর পদ থাকলেও আদ্যপর্বত ৩টি সহযোগী ও ৩টি সহকারী অধ্যাপকসহ ১৮টি শিক্ষক পদ ও সহকারী লাইব্রেরিয়ার কার্ম ক্যাটালগার, ২টি অফিস সহকারী কান কম্পিউটার অপারেটর, ক্যাশিয়ার, ক্যাশসরকার, ২টি দফ বেয়ারার, ৪টি এমএলএসএসসহ ১২টি কর্মচারী পদ দীর্ঘদিন ধরে শূন্য রয়েছে। এছাড়া একাডেমিক ভবন ও ছাত্রীনিবাস এবং শিক্ষকদের আবাসন না থাকায় কলেজে শিক্ষা কার্যক্রম পরিচালনায় দারুণভাবে ব্যাহত হচ্ছে। জানা গেছে, ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ৬০০ ছাত্রী ভর্তির কার্যক্রম চলছে। কলেজে একাডেমিক ভবন, শিক্ষক ও ছাত্রী আবাসন জরুরিভিত্তিতে প্রয়োজন বলে সর্বশেষ উপর্যুক্ত কর্মসূচির বরাবরে একাধিকবার প্রতিবেদন প্রেরণ করা হয়েছে বলে অধ্যক্ষ প্রফেসর সৌন্দকার অলিউল ইসলাম ও উপাধ্যক্ষ মো. জাকর আহমেদ জানান।